



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন : ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল: dgmbcbd@krishibank.org.bd


সূত্র নং-প্রকা/শানিব্যাউবি-৩(১০)অংশ-০৬/২০২২-২০২৩/১১৪

তারিখ: ২৬ জুলাই ২০২২

বিষয়: সঞ্চয়পত্র বিক্রয়কালে এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানকালে অনুসরণীয় নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র: ডিএমডি সার্কুলার নং-০১; তারিখ ২০ জুলাই, ২০২২ (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত সার্কুলার মোতাবেক সঞ্চয়পত্র বিক্রয় এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানের ক্ষেত্রে গ্রাহক হয়রানি নিরসনকল্পে প্রদানকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

বিতরণ:


- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৩। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। শাখা ব্যবস্থাপক (সঞ্চয়পত্র সংশ্লিষ্ট শাখাসমূহ), বাংলাদেশ কৃষি ব্যাংক।

সূত্র নং-প্রকা/শানিব্যাউবি-৩(১০)অংশ-০৬/২০২২-২০২৩/১১৪

তারিখ: ২৬ জুলাই ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।


(রাজিব হাসান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট



০৫ শ্রাবণ, ১৪২৯

তারিখ: -----

২০ জুলাই, ২০২২

ডিএমডি সার্কুলার নং-০১

প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

সঞ্চয়পত্র বিক্রয়কালে এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানকালে অনুসরণীয় নির্দেশনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সঞ্চয়পত্র সংশ্লিষ্ট সেবা লাভের ক্ষেত্রে বিভিন্ন সময়ে গ্রাহকগণ তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক হয়রানির শিকার হচ্ছেন। সে প্রেক্ষিতে সঞ্চয়পত্র বিক্রয় এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানকালে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য আপনাদের নির্দেশ প্রদান করা হলো:


- ক. সঞ্চয়পত্র ক্রয়ের নিমিত্ত গ্রাহকের আবেদন ইস্যু অফিস কর্তৃক গ্রহণের পর উক্ত তারিখ হতে পরবর্তী এক কর্মদিবসের মধ্যেই ক্রেতার দাখিলকৃত চেক নিকাশ (Clearing) এর জন্য উপস্থাপন করতে হবে এবং চেক নিকাশ (Clearing) হওয়ার তারিখেই গ্রাহকের অনুকূলে সংশ্লিষ্ট ইন্সট্রুমেন্ট ইস্যু করতে হবে। এছাড়া, গ্রাহক কর্তৃক ডেবিট অথরিটির মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয়ের জন্য আবেদন করা হলে গ্রাহকের হিসাব বিকলন/ডেবিট করার তারিখেই গ্রাহকের অনুকূলে সংশ্লিষ্ট ইন্সট্রুমেন্ট ইস্যু করতে হবে;
- খ. জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে বিক্রিত সঞ্চয়পত্রের মুনাফা/সুদ ও মেয়াদপূর্তিতে আসল/মূল অর্থ প্রদেয় হওয়ার তারিখেই ইন্টিমেশন প্রদান নিশ্চিত করতে হবে;
- গ. গ্রাহকের সঞ্চয়পত্র ক্রয় পরবর্তী যে কোন আবেদন (যেমন: নামিনি পরিবর্তন, হিসাব নম্বর পরিবর্তন, মোবাইল নাম্বার পরিবর্তন, ইএফটি সংক্রান্ত সমস্যা ইত্যাদি) গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঘ. জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন জেলা সঞ্চয় অফিস/ব্যুরো ও জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোসমূহ এর দায়িত্বপ্রাপ্ত লিংক ব্যাংক, অফিস/ব্যুরোর গ্রাহকগণের চেক যথাসময়ে নিকাশ (Clearing) করে সংশ্লিষ্ট অফিসকে অবহিত করবে;
- ঙ. সঞ্চয়পত্র ক্রয়ের নিমিত্ত নিকাশ (Clearing) এর জন্য উপস্থাপিত চেক যথোপযুক্ত কারণ ব্যতীত ফেরৎ প্রদান করা যাবে না;
- চ. গ্রাহকের অনুকূলে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (ইএফটি) ইন্সট্রাকশন এর মাধ্যমে প্রেরিত সঞ্চয়পত্রের মুনাফা/সুদ ও আসল/মূল ফেরত প্রদান করা যাবে না;

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট



পূর্ব পৃষ্ঠা হতে

-০২-

- ছ. বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আদায় সংক্রান্ত ইস্যুতে বাংলাদেশ ব্যাংকের ২৮ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে জারীকৃত পিএসডি সার্কুলার নং- ১/২০১৩ এর ৪ নং নির্দেশনা এবং এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- জ. সঞ্চয়পত্র বিক্রয়কালে ইস্যুকারী ব্যাংক বা শাখা কর্তৃক উক্ত ব্যাংকে বা শাখায় গ্রাহককে হিসাব খোলার জন্য বাধ্য করা যাবে না এবং
- ঝ. নিরাপত্তার স্বার্থে এক জনের বা ব্যাংকের এক শাখার ইউজার আইডি অন্য ব্যক্তি বা অন্য শাখা কর্তৃক ব্যবহার করা যাবে না।

০২। ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারী করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(খোন্দকার সিদ্দীকুর রহমান)
পরিচালক (ডিএমডি)
ফোনঃ ৯৫৩০১৩১

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

তারিখঃ ২৮ ফেব্রুয়ারি ২০১৩
১৬ ফাল্গুন ১৪১৯

পিএসডি সার্কুলার নং-১/২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আদায় প্রসঙ্গে।

বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউজ (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আরোপ করে ১৩ নভেম্বর ২০১২ তারিখে প্রকাশিত সার্কুলার নং-৩/২০১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

আন্তঃ ব্যাংক লেনদেনের নিষ্পত্তি দ্রুত ও নিরাপদ করার জন্য ২০১০ সালে BACH চালুর মাধ্যমে সমগ্র দেশের ৪১টি নিকাশ ঘরকে একটি মাত্র সমন্বিত নিকাশ (Clearing) ব্যবস্থায় একীভূত করা হয়। BACH এর দুটি শাখা - বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS) এবং বাংলাদেশ ইলেক্ট্রনিক ফান্ডস ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) ব্যাংকগুলোর মাধ্যমে গ্রাহকদের বিশ্বমানের সেবা প্রদান করছে। আমাদের দেশে কেন্দ্রীয় ব্যাংকের নিকাশ ঘরের মাধ্যমে আন্তঃ ব্যাংক লেনদেন নিষ্পত্তি হলেও প্রতিবেশী দেশগুলোসহ অধিকতর অগ্রসর দেশগুলোয় দক্ষ এবং উন্নত ব্যবস্থাপনার স্বার্থে নিকাশ ব্যবস্থার সদস্যদের দ্বারা গঠিত পৃথক সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের নিজস্ব আয় থেকে ব্যয় সংস্থানের ভিত্তিতে নিকাশ ব্যবস্থা পরিচালিত হচ্ছে। উচ্চ প্রযুক্তি সমৃদ্ধ BACH পরিচালনায় একই মডেল অবলম্বনের প্রারম্ভিক পর্যায়ে হিসেবেই পিএসডি সার্কুলার নং-৩/২০১২ দ্বারা BACH এর মাধ্যমে লেনদেনের উপর ন্যূনতম মাত্রায় চার্জ আরোপ করা হয়। এ বিষয়ে বিভিন্ন মহলের প্রতিক্রিয়া বিবেচনায় নিয়ে চার্জ এর কাঠামো নিম্নরূপভাবে পুনর্নির্ধারণের সিদ্ধান্ত নেয়া হয়েছে, যাতে BACH ও অংশ গ্রহণকারী ব্যাংকগুলোর মধ্যে চার্জ এর বন্টন যৌক্তিককরণ ছাড়াও কিছু কিছু লেনদেন নিষ্পত্তি আপাততঃ চার্জ এর আওতামুক্ত থাকবে।

- (১) ৫০ হাজার টাকার কম সব ধরনের চেক ক্লিয়ারিং চার্জ এর আওতামুক্ত থাকবে ;
- (২) চেকের পরিবর্তে ইলেকট্রনিক পদ্ধতির ব্যবহার উৎসাহিত করার লক্ষ্যে সকল EFT লেনদেন চার্জ এর আওতামুক্ত থাকবে ;
- (৩) সকল ধরনের G2P (সরকার কর্তৃক ব্যক্তিকে প্রদেয়) চেক ক্লিয়ারিং চার্জের আওতামুক্ত থাকবে ;
- (৪) টাকার অংক নির্বিশেষে সকল ধরনের সরকারী প্রাপ্তির বিপরীতে (যথাঃ চালানের বিপরীতে কিংবা সঞ্চয়পত্র ত্রুণের উদ্দেশ্যে) গৃহীত চেক, ইউটিলিটি বিল এবং সিটি কর্পোরেশন/পৌরসভার বিভিন্ন পাওনার বিপরীতে গৃহীত সকল চেক ক্লিয়ারিং চার্জের আওতামুক্ত থাকবে ;
- (৫) ৫০ হাজার কিংবা তদুর্ধ্ব কিন্তু ৫ লক্ষ টাকার কম অঙ্কের চেক ক্লিয়ারিং এর জন্য ১০ টাকা (ভ্যাটসহ) চার্জ আদায়যোগ্য হবে; যার মধ্যে BACH এর প্রাপ্য হবে ৮ টাকা এবং উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে ২ টাকা ;
- (৬) দেশের যেকোন অঞ্চলের হাইভ্যালু চেক (৫ লক্ষ টাকা বা তদুর্ধ্ব) Same Day Clearing এর জন্য ভ্যাটসহ ৬০ টাকা চার্জ প্রযোজ্য হবে যার মধ্যে BACH এর প্রাপ্য হবে ৫০ টাকা এবং উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে ১০ টাকা। তবে ৫ লক্ষ বা তদুর্ধ্ব অঙ্কের চেক রেগুলার ভ্যালু ক্লিয়ারিংয়ে উপস্থাপিত হলে (ভ্যাটসহ) সর্বোচ্চ ২৫ টাকা চার্জ প্রযোজ্য হবে, যার মধ্যে BACH ও উপস্থাপনকারী ব্যাংকের প্রাপ্য হবে যথাক্রমে ২০ টাকা ও ৫ টাকা ;
- (৭) ধার্যকৃত চার্জ চেকের প্রাপক (Payee) থেকে আদায় করা যাবে। তবে কোন ব্যাংক নিজস্ব সিদ্ধান্তে গ্রাহকের কাছ থেকে চার্জ গ্রহণ না করে নিজস্ব উৎস হতেও BACH এর প্রাপ্য চার্জ পরিশোধ করতে পারবে।

চার্জ হিসাবায়নের সুবিধার্থে অংশগ্রহণকারী প্রতিটি ব্যাংক, পরবর্তী মাসের দ্বিতীয় কর্মদিবসের মধ্যে পূর্ববর্তী মাসে সম্পাদিত চার্জের আওতাবহির্ভূত লেনদেনের তথ্য (যথাঃ চেক নম্বর, উপস্থাপনের তারিখ ও টাকার অংক) সম্বলিত একটি তালিকা অত্র বিভাগে দাখিল করবে।

সংশোধিত এ ক্লিয়ারিং চার্জ মার্চ ২০১৩ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(এস,এম, রেজাউল করিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩১১